গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের হালনাগাদ অগ্রগতির উপর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১ জুন, ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ২.০০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৬, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার পটভূমি তুলে ধরে বলেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়নের ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দ ব্যয় করা খুবই গুরুত্বপূর্ণ। এ ছাড়া ইয়াস, আম্ফান, বুলবুল, ফণীসহ বিভিন্ন ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত, ঝুঁকিপূর্ণ ও অরক্ষিত উপকূলীয় বাঁধ ও অন্যান্য অবকাঠামো পুনর্বাসনে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প প্রণয়নের উপর গুরুত্বারোপ করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

সভায় বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের হালনাগাদ অগ্রগতি বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)
১.	উপকূলীয় অঞ্চলে ইয়াস, আম্ফান, বুলবুল, ফণীসহ বিভিন্ন ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত ও অরক্ষিত পোল্ডারসমূহ পুনর্বাসনের লক্ষ্যে প্রকল্প প্রণয়নে পোল্ডার নং ৫, ৪০/১ সহ অন্যান্য ঝুঁকিপূর্ণ পোল্ডার অন্তর্ভূক্ত না করায় সভাপতি অসন্তোষ ব্যক্ত করেন। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ থেকে উপকূলীয় অঞ্চলের এলাকাবাসীর জানমালের ক্ষয়ক্ষতি হ্রাসের লক্ষ্যে ঝুঁকিপূর্ণ ও অরক্ষিত পোল্ডারসমূহ চিহ্নিতপূর্বক পুনর্বাসনের জন্য অগ্রাধিকার ভিত্তিতে phase wise প্রকল্প গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ থেকে উপকূলীয় অঞ্চলের মানুষের জানমালের ক্ষয়ক্ষতি হ্রাসের লক্ষ্যে ঝুঁকিপূর্ণ ও অরক্ষিত পোল্ডারসমূহ চিহ্নিতপূর্বক পুনর্বাসনের জন্য অগ্রাধিকার ভিত্তিতে phase wise প্রকল্প গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (যথাশীঘ্র)

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)
২.	"Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, ফেজ-২ এ ২০টি পোল্ডারের পুনর্বাসনের জন্য Feasibility Study মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২০টি পোল্ডারের মধ্যে নির্বাচিত ৭টি সাতক্ষীরা জেলায় অবস্থিত এবং অবশিষ্ট ১৩টি পোল্ডার নির্বাচনাধীন রয়েছে। ভূতপূর্ব প্রকল্প পরিচালক জানান যে, ফেজ-১ এ নির্বাচিত যে ৭টি পোল্ডারের পুনর্বাসন করা হয়নি, তা ফেজ-২ এ অন্তর্ভূক্ত করা যেতে পারে । এ ৭টি পোল্ডারের ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত রয়েছে বিধায় ডিপিপি অনুমোদন হলে দ্রুত দরপত্র আহবান করা সম্ভব হবে। ফেজ-১ এ যে ৭টি পোল্ডারের পুনর্বাসন করা হয়নি তা ফেজ-২ প্রকল্পে অন্তর্ভূক্ত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	Coastal Embankment Improvement Project Phase-2 (CEIP-2)" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নে ফেজ-১ এ যে ৭টি পোল্ডারের পুনর্বাসন করা হয়নি, তা ফেজ-২ প্রকল্পের ডিপিপি-তে অন্তর্ভূক্ত করতে হবে।	মহাপরিচালক ও প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)
৩.	"Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP) Component-B : Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটির মেয়াদ দুই বছর বর্ধিতকরণসহ সংশোধিত ডিপিপি প্লানিং কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	"Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP) Component-B : Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS)" শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক
৪.	"Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটির চলমান ৪টি প্যাকেজের ভৌত অগ্রগতি ৪০% এবং প্রকল্পটি নির্দিষ্ট সময় অর্থাৎ জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করা যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।	"Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)
৫.	প্রকল্প পরিচালক সভায় জানান যে, "South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)" শীর্ষক প্রকল্পটির মেয়াদ এক বছর বর্ধিতকরণসহ সংশোধিত ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2) শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়ন ও অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রকল্পটি নির্দিষ্ট সময় অর্থাৎ জুন ২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক
৬.	"ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান, প্রকল্প বাস্তবায়নকালে সৃষ্ট সমস্যাদি সমাধানের জন্য একটি স্টিয়ারিং কমিটির সভা প্রয়োজন । প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক
৭.	"Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান, মোট ৫৭টি প্যাকেজের মধ্যে ৮টির কাজ সমাপ্ত হয়েছে, ২৫টির কাজ এ বছরে শেষ হবে এবং অপর ২৪টি প্যাকেজের কয়েকটিতে জমি অধিগ্রহণে জটিলতা রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পটি সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পরামর্শ প্রদান করেন।	"Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
৮.	প্রকল্প পরিচালক বলেন যে, "Char Development and Settlement Project (CDSP)- Bridging (additional financing)" শীর্ষক প্রকল্পটির ২১টি প্যাকেজের কাজ সম্পন্ন করতে ডিপিপি সংশোধনের লক্ষ্যে হাইড্রো- মরফোলজিক্যাল স্টাডি চলমান রয়েছে।	হাইড্রো- মরফোলজিক্যাল স্টাডি রিপোর্টের ভিত্তিতে প্রকল্পটি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৫১.৯৯.০০২.১৯.১৭৫

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) যুগ্মসচিব (উন্নয়ন-০১/০২/ পরিকল্পনা উইং), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) প্রধান প্রকৌশলী, (কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) প্রকল্প পরিচালক, Coastal Embankment Improvement Project, Phase-1 (CEIP-1)/ / Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP)/ South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)/ ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট)/ Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part)/ Char Development and Settlement Project- Bridging (Additional Financing) / Bangladesh Weather and Climate Services Regional Project (BWC

১১) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ মমিনুর রহমান
উপসচিব